যুগান্তর

তারিখ 11 JAN 2018
পৃষ্ঠা ... কলাম ...

# আরও ১৬০ উপজেলায় আইসিটি ট্রেনিং সেন্টার হচ্ছে

সরকার আরও ১৬০ উপজেলায় আইসিটি ট্রেনিং এবং রিসার্চ সেন্টার করছে। এ জন্য ৮৪৫ কোটি ৪২ লাখ টাকার একটি প্রকল্প অনুমোদন দিয়েছে বুধবার। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেকের নিয়মিত বৈঠক হতে এ প্রকল্পের অনুমোদন দেয়া হয়। এর আগে সরকার ৪০৩ কোটি ৭৭ লাখ টাকা ব্যয়ে ১২৫টি উপজেলায় একই ধরনের আইসিটি ট্রেনিং এবং রিসার্চ সেন্টার করেছে। মঙ্গলবার অনুমোদিত প্রকল্পটি বাস্তবায়িত হবে কোরিয়া সরকারের ইকোনমিক ডেভেলপমেন্ট অ্যান্ড কো-অপারেটিভ ফান্ডের অর্থায়নে। তারা সব মিলিয়ে ৭৬ দশমিক ০২২ মিলিয়ন ঋণ হিসেবে দিচ্ছে। ১৫ বছরের গ্রেস পিরিয়ডসহ ৪০ বছরের ঋণের সুদের হার মাত্র শূন্য দশমিক এক শতাংশ। আর এটি বাস্তবায়ন করবে সরকারের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। ২০২০ সালের জুনের মধ্যে প্রকল্পের কাজ শেষ করতে বলা হয়েছে।



মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি শিক্ষা প্রদানও এই সেন্টারগুলো থেকে দেয়া হবে বলে জানিয়েছে তথ্যপ্রযুক্তি বিভাগ। প্রকল্পের আওতায় নির্বাচিত ১৬০টি উপজেলায় চার তলার ভিত্তি দিয়ে প্রাথমিকভাবে দুই তলা ভবন করা হবে বলে প্রকল্পের কাগজপত্রে বলা হয়েছে। —আইটি ডেস্ক

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর